(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.১০৭৬

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

দপ্তরাদেশ

"কিশোরগঞ্জ জেলার ১০টি উপজেলায় নদীতীর প্রতিরক্ষা কাজ, ওয়েভ প্রটেকশন এবং খাল পুনঃখনন প্রকল্প (১ম সংশোধিত)" এর অন্তর্ভুক্ত প্যাকেজ নং- P-KWD-WPW-AAW56-2023-24 (Tender ID-887386) আওতাধীন এলাকায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)কর্তৃক প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করায়, দ্বৈততা পরিহারকল্পে প্যাকেজের কার্যপরিধি তথা কাজের দৈর্ঘ্য/সীমানা পুনঃনির্ধারণের নিমিত্ত মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

ক্রম নং	কর্মকর্তাগণের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান
১।	**তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, টাঙ্গাইল।**	**আহবায়ক**
২।	জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মাহবুবুল আলম প্রান্ত, উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	**নির্বাহী প্রকৌশলী (পুর), কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ।**	**সদস্য সচিব**

<u>কমিটির কার্যপরিধি</u> :


ক) "কিশোরগঞ্জ জেলার ১০টি উপজেলায় নদীতীর প্রতিরক্ষা কাজ, ওয়েভ প্রটেকশন এবং খাল পুনঃখনন প্রকল্প (১ম সংশোধিত)" এর অন্তর্ভুক্ত প্যাকেজ নং- P-KWD-WPW-AAW56-2023-24 (Tender ID-887386) আওতাধীন এলাকায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)কর্তৃক প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন করায়, দ্বৈততা পরিহারকল্পে প্যাকেজের কার্যপরিধি তথা কাজের দৈর্ঘ্য/সীমানা পুনঃনির্ধারণের বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষণে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান;

খ) বিবিধ।

২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।




১১-১১-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.১০৭৬/১ (১৪)

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী, ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), টাঙ্গাইল পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, টাঙ্গাইল।
৬। যুগ্ম প্রধান, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮। নির্বাহী প্রকৌশলী (পুর), কিশোরগঞ্জ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, কিশোরগঞ্জ।
৯। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
১০। জনাব মোঃ আহসান হাবীব, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
১১। জনাব মোঃ মাহবুবুল আলম প্রান্ত, উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
১২। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
১৪। দপ্তর কপি।



১১-১১-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)